

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন অধিশাখা-২
www.rdc.gov.bd

২৩ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০৩২.০৭.১৫২.১৭-৪২০


তারিখঃ-----

০৭ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ।

দরপত্র বিজ্ঞপ্তি

২০১৫ সালের জাতীয় সমবায় পুরস্কার প্রদানের জন্য নিম্নলিখিত পদক সরবরাহের লক্ষ্যে সুপ্রতিষ্ঠিত ও সুখ্যাতি সম্পন্ন জুয়েলারি প্রতিষ্ঠান/স্বর্ণ-রৌপ্য ব্যবসায়ী প্রতিষ্ঠান এর নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

- ক) স্বর্ণ পদক (খাঁটি সোনা) : ১৮ ক্যারেট মানের ১১(এগার)টি স্বর্ণ পদক (একটি স্বর্ণ পদক সরবরাহকারী প্রতিষ্ঠানকে পরবর্তীতে ফেরত প্রদান করা হবে) প্রতিটি ১০(দশ) গ্রাম ওজনের স্বর্ণ সম্বলিত যার প্রতিটির ব্যাস ৫.৫ সেন্টিমিটার (নমুনা মোতাবেক)
- খ) শর্তাবলিঃ
- ১। প্রতিটি পদক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক নির্ধারিত নমুনা অনুযায়ী শোভন আকারে (কাসকেট) বাগে (নমুনা নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে অনুমোদন করিয়ে নিতে হবে) সরবরাহ করতে হবে।
 - ২। আগ্রহী প্রতিষ্ঠানকে **আগামী ২৮-০৯-২০১৭ খ্রিঃ তারিখ অপরাহ্ন ০২.০০ ঘটিকার মধ্যে** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ৬১৯ নং কক্ষের সম্মুখে (ভবন নং-৭, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) রক্ষিত টেন্ডার বাগে সীলমোহরকৃত দরপত্র জমা দিতে হবে। ঐ দিনই বেলা ০২.৩০ মিনিটে উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
 - ৩। কার্যাদেশ দেয়ার ১৫(পনের) দিনের মধ্যে পদকসমূহ সরবরাহ করতে হবে।
 - ৪। নির্ধারিত দরদাতাকে কার্যাদেশ পাওয়ার ০৩(তিন) দিনের মধ্যে নমুনা পদক (স্পেসিফিকেশন মোতাবেক) দাখিল করতে হবে এবং অনুমোদিত হলে তাঁর কার্যাদেশ নিশ্চিত করা হবে।
 - ৫। পদকের স্পেসিফিকেশন ও ডিজাইন অত্র অফিসে রাখা হবে।
 - ৬। পদকের গায়ে নমুনা মোতাবেক মিনা করতে হবে।
 - ৭। পদকের পিছনে স্বর্ণের মান (ক্যারেট) ও প্রতিষ্ঠানের নাম উল্লেখসহ সীলমোহর থাকতে হবে।
 - ৮। প্রত্যেক দরপত্রের সাথে উল্লিখিত উদ্ধৃত দরের ৩% ভাগ (ফেরত যোগ্য) আর্নেস্টম্যানি/পে-অর্ডার অথবা ব্যাংক ড্রাস্ট-এর আকারে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুকূলে জমা দিতে হবে।
 - ৯। স্বর্ণ পদকগুলো ১৮ ক্যারেট মানের ও প্রতিটি ১০(দশ) গ্রাম ওজনের পদক এ মর্মে সরবরাহকারী কর্তৃক প্রত্যয়ন করতে হবে।
 - ১০। পদকসমূহের মান যাচাই করার জন্য পরমাণুশক্তি কেন্দ্রে খাঁটিত্ব ও ওজন পরীক্ষা করা হবে।
 - ১১। পদকের খাঁটিত্ব ও ওজন পরিমাপের ফি এবং প্রয়োজন হলে পুনঃ পরীক্ষার ফি (পরমাণুশক্তি কেন্দ্র কর্তৃক নির্ধারিত) সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। (উল্লেখ্য, পরমাণুশক্তি কেন্দ্র দ্বারা ১১(এগার)টি (একটি স্বর্ণ পদক সরবরাহকারী প্রতিষ্ঠানকে পরবর্তীতে ফেরত প্রদান করা হবে) স্বর্ণ পদক পরীক্ষা করানো হবে)।
 - ১২। পদক সরবরাহকারী প্রতিষ্ঠানকে এ মর্মে প্রত্যয়ন পত্র প্রদান করে অঙ্গীকার করতে হবে যে, যদি কোন পদকপ্রাপ্ত ব্যক্তি কোন সময় উক্ত পদক বিক্রি করতে চান তাহলে তাঁকে সে দিনের প্রচলিত বাজার দর মোতাবেক স্বর্ণের মূল্য প্রদান করতে তাঁরা বাধ্য থাকবেন।
 - ১৩। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান যদি নির্ধারিত সময়ের ভেতর পদক সরবরাহ করতে ব্যর্থ হয় বা দেরি করে অথবা পদকের খাঁটিত্ব পরীক্ষায় ভেজাল প্রমাণিত হয়, তাহলে বিধি মোতাবেক প্রতিষ্ঠানটির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কার্যাদেশ বাতিল, আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত করা, প্রতিষ্ঠানটিকে ব্ল্যাকলিস্টকরণ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান করাসহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - ১৪। পদকের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
 - ১৫। দরপত্র দলিলাদি বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা **(পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রশাসন অধিশাখা-২, ভবন নং-৭, ৭ম তলা, কক্ষ নং-৬১৯, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ফোনঃ ৯৫৫৫০১৩)**
 - ১৬। দরপত্র দলিল বিক্রির শেষ তারিখ ও সময় **(২৭-০৯-২০১৬ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত)**।
 - ১৭। দরপত্র সিডিউল বিক্রয় মূল্য ৫০০/= (পাঁচশত) টাকা।
 - ১৮। কর্তৃপক্ষ কোন কারণ উল্লেখ ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(নূরুন নাহার)
উপ-সচিব (প্রঃঅধিশাখা-২)
নূরুন নাহার
উপ-সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার